গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)

# ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত ১ম ত্রৈমাসিক সভার কার্যবিবরণী

---

| | |
|---|---|
| সভাপতি | কাজী কামরুল আহছান<br>পরিচালক (শিক্ষাতত্ত্ব ও শিক্ষামান) ও ইনোভেশন অফিসার, এনটিআরসিএ |
| সভার তারিখ | ০৬ সেপ্টেম্বর, ২০২২ |
| সভার সময় | সকাল ১১.০০ ঘটিকা |
| স্থান | পরিচালক (শিক্ষাতত্ত্ব ও শিক্ষামান)-এর অফিস কক্ষ |
| উপস্থিতি | পরিশিষ্ট-'ক' |

বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ) এর পরিচালক (শিক্ষাতত্ত্ব ও শিক্ষামান) ও ইনোভেশন অফিস উপস্থিত ইনোভেশন টিমের সম্মানিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি বলেন যে, বার্ষিক কর্মসম্পাদ চুক্তি প্রণয়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন নির্দেশিকা, ২০২২-২৩ এ দপ্তর/সংস্থা পর্যায়ে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার কার্যক্র কিছু পরিবর্তন এসেছে। বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে ২০২২-২৩ অর্থবছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার জন্য বরাদ্দকৃ নম্বর ১০। চলতি অর্থবছরে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনায় ০২টি কর্মসম্পাদন ক্ষেত্র নির্ধারণ করা হয়েছে যা নিম্নরূপ:

(১) ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন সংক্রান্ত কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ এবং

(২) প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি।

প্রতিটি কার্যসম্পাদন ক্ষেত্রে একাধিক কার্যক্রম অন্তর্ভুক্ত করা হয়েছে। ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন সংক্রান্ত কর্মপরিকল্পনা বাস্তবায়ন জোরদারকরণের লক্ষ্যে ০৪টি এবং প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ০২টিসহ মোট ০৬টি কার্যক্রম রয়েছে। ইনোভেশন অফিসার উক্ত কর্মপরিকল্পনা অনুযায়ী কাঙ্ক্ষিত লক্ষ্যমাত্রা অর্জনের জন্য এবং কর্মপরিকল্পনা বাস্তবায়নে সর্বোচ্চ স্কোর প্রাপ্তির লক্ষ্যে সকল সদস্যদের মতামত কামনা করেন। এ বিষয়ে কর্মপরিকল্পনার কার্যক্রমভিত্তিক প্রতিটি কর্মসম্পাদন সূচক অনুসারে পয়েন্টভিত্তিক বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয় :

| আলোচ্য সূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| **১) ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন সংক্রান্ত কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ** | | | |

| | | | |
|---|---|---|---|
| **[১.১] সেবা সহজিকরণ/ ডিজিটাইজেশনের মাধ্যমে উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন বিষয়ক আলোচনা** | ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২৩ এ সেবা সহজিকরণ/ ডিজিটাইজেশনের মাধ্যমে ০১টি নতুন উদ্ভাবনী ধারণা আগামী ০৪.০৫.২০২৩ তারিখের মধ্যে বাস্তবায়নের লক্ষ্যমাত্রা নির্ধারিত রয়েছে। উক্ত কার্যক্রমের কর্মসম্পাদন সূচকের মান ১০। সিটিজেনস চার্টারভুক্ত সেবা সহজিকরণ/ ডিজিটাইজেশনের মাধ্যমে উদ্ভাবনী ধারণা বাস্তবায়নের প্রসেস ম্যাপ ও টিসিভি বিশ্লেষণপূর্বক এ সংক্রান্ত সেবা চালুর লক্ষ্যে অফিস আদেশ জারি করার নির্দেশনা রয়েছে। উক্ত নির্দেশনার প্রেক্ষিতে এনটিআরসিএ'র সকল কর্মকর্তা ও কর্মচারীর নিকট হতে প্রস্তাব আহ্বান করা যেতে পারে এবং ০৩ সপ্তাহের মধ্যে প্রস্তাব দাখিলের অনুরোধ জানিয়ে নোটিশ প্রদান করা যেতে পারে। | সিটিজেনস চার্টারভুক্ত সেবা সহজিকরণ/ ডিজিটাইজেশনের মাধ্যমে উদ্ভাবনী ধারণা বাস্তবায়নের প্রসেস ম্যাপ ও টিসিভি বিশ্লেষণপূর্বক একটি সেবার প্রস্তাব প্রেরণের অনুরোধ জানিয়ে এনটিআরসিএ'র সকল কর্মকর্তা ও কর্মচারীকে নোটিশ প্রদান করত হবে। | ইনোভেশন টিম |
| **[১.২] ইত:পূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবার ডাটাবেজ প্রস্তুত করা এবং সেবাসমূহ চালু রাখা বিষয়ক আলোচনা** | এনটিআরসিএ কর্তৃক ইত:পূর্বে যে সকল উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন, সেবা সহজিকরণ ও সেবা ডিজিটাইজেশন করা হয়েছে, সেসকল সেবার তালিকা, বর্তমানে কার্যকর আছে কিনা এবং সেবাটি সহজিকরণ/ ডিজিটাইজ/ উদ্ভাবনের ফলে নাগরিকবৃন্দ/সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত সুফল পাচ্ছে কিনা এ বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের ই-গভর্ন্যান্স অধিশাখা হতে প্রদত্ত ছক অনুযায়ী ডাটাবেজ আগামী ১৩.১০.২০২২ তারিখের মধ্যে তৈরির নির্দেশনার রয়েছে। উক্ত নির্দেশনার আলোকে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা যেতে পারে। | ইত:পূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবার ছকভিত্তিক ডাটাবেজ প্রস্তুত করা এবং সেবাসমূহ চালু রাখার প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। | ইনোভেশন টিম |
| **[১.৩] ই-নথির ব্যবহার বৃদ্ধি বিষয়ক আলোচনা** | ই-নথির মাধ্যমে ৮৫% নোট নিষ্পন্ন হলে সর্বোচ্চ নম্বর পাওয়া যাবে। এ কার্যক্রমে বরাদ্দকৃত সর্বোচ্চ নম্বর ৬। শাখাভিত্তিক উপস্থাপিত ই-নথি এবং হার্ড নথির স্টেটমেন্ট, ফাইল মুভমেন্ট রেজিষ্ট্রার, এটুআই থেকে প্রাপ্ত প্রতিবেদন প্রমাণক হিসেবে সংরক্ষণ করা যেতে পারে। | ই-ফাইলিং ব্যবহার বৃদ্ধি কার্যক্রম জোরদারকরণের লক্ষ্যে প্রত্যেক অনুবিভাগকে ৮৫% কার্যক্রম ই-নথির মাধ্যমে সম্পন্ন করার জন্য উদ্বুদ্ধ করতে হবে। | সহকারী পরিচালক (পমূপ্র-১) |

| | | | |
|---|---|---|---|
| **[১.৪] ৪র্থ শিল্প বিপ্লবের সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলায় আইন/পলিসি/ কর্মপরিকল্পনা প্রণয়ন এবং বিষয়ভিত্তিক কর্মশালা আয়োজন বিষয়ক আলোচনা।** | ৪র্থ শিল্প বিপ্লবের সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলায় আইন/পলিসি/ কর্মপরিকল্পনা আগামী ৩১.১০.২০২২ তারিখের মধ্যে প্রণয়ন করার নির্দেশনার রয়েছে। এছাড়া ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় বিষয়ভিত্তিক ০২টি কর্মশালার আয়োজন করা হলে পূর্ণ নম্বর ৩ অর্জিত হবে। এ জন্য কর্মপরিকল্পনা প্রণয়নপূর্বক ০২টি কর্মশালার আয়োজন করা যেতে পারে। | ৪র্থ শিল্প বিপ্লবের সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলায় আইন/পলিসি/ কর্মপরিকল্পনা আগামী ৩১.১০.২০২২ তারিখের মধ্যে প্রণয়নপূর্বক ০২টি কর্মশালা আয়োজন করতে হবে। | ইনোভেশন টিম |
| **২) প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি** | | | |
| **২.১] তথ্য বাতায়ন হালনাগাদকরণ বিষয়ক আলোচনা** | তথ্য বাতায়নের মেইন ম্যানুর আওতাধীন সবাম্যানুসমূহ; সেবাবক্সের সকল লিংক; সকল কর্মকর্তাগণের মোবাইল নম্বর, ছবি ও ই-মেইলসহ তালিকা; নোটিশ বোর্ড; বার্ষিক কর্মসম্পাদন ব্যবস্থাপনা; জাতীয় শুদ্ধাচার কার্যক্রম; সেবা প্রদান প্রতিশ্রুতি; অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা; তথ্য অধিকার; সেবা সহজিকরণ, ডিজিটাইজেশন ও উদ্ভাবন কার্যক্রম; বিভিন্ন কার্যক্রমের ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণের তালিকা ইত্যাদি সংক্রান্ত তথ্যাদি নিয়মিত ও তাৎক্ষণিক হালনাগাদ করা হলে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনায় উল্লেখিত লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জন অনুসারে ০৬ নম্বর প্রাপ্ত হবে। সে অনুযায়ী ত্রৈমাসিক ভিত্তিক স্ক্রিন শট এবং হালনাগাদকরণের বিষয়ভিত্তিক তারিখ উল্লেখসহ ত্রৈমাসিক প্রতিবেদন দাখিলের জন্য সহকারী প্রোগ্রামার-১ কে বলা যেতে পারে। | তথ্য বাতায়ন হালনাগাদ কার্যক্রমের অংশ হিসেবে তথ্য বাতায়নের সকল সেবা বক্স হালনাগাদ করতে হবে। এ সংক্রান্ত ত্রৈমাসিক প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে। | সহকারী প্রোগ্রামার-১ |

| | | | |
|---|---|---|---|
| **২.২] ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন** | ২.২.১- কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত ০৪টি প্রশিক্ষণ আয়োজন করতে পারলে সর্বোচ্চ নম্বর ৩ পাওয়া সম্ভব।<br>২.২.২- ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়নে বরাদ্দকৃত অর্থ সংশ্লিষ্ট আর্থিক বিধি-বিধান অনুযায়ী ৮০% বরাদ্দকৃত অর্থ ব্যয় করতে পারলে সর্বোচ্চ নম্বর ৩ পাওয়া যাবে।<br>এক্ষেত্রে প্রমানকসমূহ নিম্নরুপ:<br>২.২.১-প্রশিক্ষণ/কর্মশালার নোটিশ, উপস্থিতিপত্র ও স্থির চিত্র<br>২.২.২-অর্থ বরাদ্দের কপিসহ ব্যয় সংক্রান্ত প্রতিবেদন | সর্বোচ্চ নম্বর প্রাপ্তির লক্ষ্যে আলোচনা মোতাবেক যথাসময়ে ০৪টি প্রশিক্ষণ আয়োজন করতে হবে এবং ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়নে বরাদ্দকৃত অর্থ সংশ্লিষ্ট আর্থিক বিধি-বিধান অনুযায়ী ৮০% বরাদ্দকৃত অর্থ ব্যয় করতে হবে। | পরিচালক (শি.শি.) ও সহকারী পরিচালক (প্রশাসন) |

।

সভায় আর কোন আলোচনা না থাকায় ইনোভেশন অফিসার ইনোভেশন টিমের উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

কাজী কামরুল আহছান
পরিচালক (শিক্ষাতত্ত্ব ও শিক্ষামান) ও ইনোভেশন অফিসার, এনটিআরসিএ

স্মারক নম্বর: ৩৭.০৫.০০০০.০০৯.৬০.০০১.২০.৬৯৯

তারিখ: ৪ আশ্বিন ১৪২৯
১৯ সেপ্টেম্বর ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) উপপরিচালক (শিক্ষাতত্ত্ব ও শিক্ষামান), উপপরিচালক (শিক্ষাতত্ত্ব ও শিক্ষামান) এর দপ্তর , বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)

২) সহকারী পরিচালক (পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন-১), বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)

৩) সহকারী পরিচালক, প্রশাসন (ক্রয় ও সেবা), উপপরিচালক (প্রশাসন ও অর্থ) এর দপ্তর , বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)

৪) সহকারী প্রোগ্রামার , আইসিটি সেল , বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)

৫) পি.এ টু চেয়ারম্যন , চেয়ারম্যান এর দপ্তর , বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)

শারমিন সুলতানা

সহকারী পরিচালক (প্রশাসন) ও সদস্য, ইনোভেশন টিম,
এনটিআরসিএ, ঢাকা। ফোন: ০২-৫৫১৩৮৫০৭